

**উচ্চপাঠ্যাব্যয়ের বৈঠকে প্রধানমন্ত্রী**  
**এসএসসি পরীক্ষায়**  
**গণশিক্ষার জন্য**  
**৫০ নম্বর বরাদ্দ**

গতকাল সকালে ক্যাবিনেটের প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমানের সভাপতিত্বে 'গণশিক্ষা' সম্পর্কে উচ্চ পর্যায়ের একটি বিশেষ বৈঠক অনুষ্ঠিত হয়। এ বৈঠকে গণশিক্ষা কর্মসূচী বাস্তবায়নের অপূর্ণতা পর্যালোচনা এবং তৎক্ষণাত্ কর্মসূচী নির্ধারণ করা হয়।

বাসসর এ খবরে বলা হয়, এ বৈঠকে পরিকল্পনা মন্ত্রী ডঃ ফারিস উদ্দিন মাহতাব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী জনাব আবদুল হালিম চৌধুরী এবং স্বাস্থ্য জনসংখ্যা নিয়ন্ত্রণ ও পরিবার পরিকল্পনা মন্ত্রী অধ্যাপক এম এ মতিনও উপস্থিত ছিলেন।

এ ছাড়া শিক্ষা, তথ্য ও বেতার, পরিকল্পনা, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়-মন্ত্রক এবং স-

শিক্ষিত অন্যান্য সংস্থার প্রতিনিধিরাও এ বৈঠকে উপস্থিত ছিলেন এবং তারা এ আলোচনারও অংশ গ্রহণ করেন।

প্রধানমন্ত্রী বলেন, এ বৈঠকে নির্দিষ্ট সময়ের মধ্যে গণশিক্ষা তৎপরতা জোরদার করার উদ্দেশ্যে থানা পর্যায়ের সকল অফিসার স্থানীয় নেতৃবর্গ এবং সংশ্লিষ্ট সংসদ সদস্যদের নিয়ে একটি থানা সমন্বয় কমিটি গঠনের বিষয় নিয়েও আলোচনা করা হয়।

এ কর্মসূচীর তদারক করার জন্য প্রতি ইউনিয়নে থানা পর্যায়ের এক জন করে কর্মকর্তাকে দায়িত্ব দেয়া হবে বলে তিনি জানান।

শাহ আজিজ বলেন, দ্বিতীয় পাঁচ সাতা পরিকল্পনাকালে গণশিক্ষার জন্য একটি ব্যাপক পূর্ণস্ৰু প্রণয়ন, সাক্ষরতা উত্তর পাঠ্য বিষয় উন্নয়ন এবং বর্তমানে চালু কর্মসূচীগুলোর গণগত দিক নিয়েও আলোচনা করা হয়।

তিনি বলেন, এ পর্যন্ত সব মিলে ক্রমায় ৬৮ লাখ প্রাথমিক পুস্তক ও পাঠ্য বিষয় বিলি করা হয়েছে এবং বিভিন্ন পর্যায়ে প্রশিক্ষার্থীদের জন্য প্রাথমিক প্রশিক্ষণ কর্মসূচীও শেষ হয়েছে।

সার্বিক কর্মসূচী সম্পর্কে মন্তব্য প্রসঙ্গে প্রধানমন্ত্রী বলেন, ভালভাবেই এর কাজ শুরু হয়েছিল, সংশ্লিষ্ট সকলেরই প্রথম দিকে উদ্দীপনা ছিল প্রচুর এবং যথাসময়ে পাস্বাজনীয় সরঞ্জামাদিও সরবরাহ করা হয়েছে।

তিনি বলেন, স্ৰুবাট: মন্ত্রণালয়ের সহযোগিতায় গসমরক্ষী বাহিনীর ২০ হাজার সদস্যের সাহায্যে গসমরক্ষী বাহিনীর এক লাখ সদস্যকে প্রশিক্ষণ দেয়ার একটি বিশেষ কর্মসূচী গ্রহণ করা হয়েছে। এদেবকে এক লাখ প্রাথমিক পুস্তকও দেয়া হবে।

চটকলসহ অনেকগুলো স্ৰুবাট: সেরী প্রতিষ্ঠানও এ কর্মসূচীতে অংশ (শেষ পৃষ্ঠা ১-এর ক: দ্রঃ)

**নম্বর বরাদ্দ**

(১-এর পর: পর)

গ্রহণের আগেই প্রকাশ করেছে। এদের প্রাথমিক পাঠ্যপুস্তক ও পাঠ্যপুস্তক যোগ্য প্রয়োজনীয় বইপত্র দেয়া হবে।

প্রধানমন্ত্রী বলেন, দেশের চারটি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের সহায়তায় ছাত্রদের গণশিক্ষা কর্মসূচীতে অংশ গ্রহণের বিষয়টি তাদের পাঠকর্মের অন্তর্ভুক্ত করা হয়েছে। এ বছর এবং এর পরবর্তী শিক্ষা বছরে এর জন্য এসএসসি পরীক্ষায় ৫০ নম্বর বরাদ্দ করা হয়েছে।

**জরুরী উপদেষ্টা কমিটি**

প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমানের সভাপতিত্বে ক্যাবিনেট কক্ষে অনুষ্ঠিত জরুরী ও পেট্রোলিয়াম সংক্রান্ত উপদেষ্টা কমিটির বৈঠকে দেশের জরুরী পরিস্থিতি পর্যালোচনা করা হয়।

বিদ্যায়, পানিসম্পদ ও বন-নিয়ন্ত্রণ মন্ত্রী কাজী আনোয়ারুল হক, রেল মন্ত্রী জনাব আবদুল আজীম পেট্রোলিয়াম মন্ত্রী লেঃ কনেল (অব:) আকবর হোসেন, পরি কল্পনা মন্ত্রী ডঃ ফারিস উদ্দিন মাহতাব এবং বাণিজ্য প্রতিমন্ত্রী জনাব ডাঃ জি: আহমদ সিপাকী এ বৈঠকে উপস্থিত ছিলেন।